**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়ণের ক্ষেত্রে ত্রিপুরা বিভিন্ন রাজ্যের কাছে পথপ্রদর্শক হয়ে উঠছে।**
**(২) কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ–CBSE এই বছর থেকে দ্বাদশ শ্রেণীর উত্তরপত্র মূল্যায়নের জন্য অন-স্ক্রিন মার্কিং -OSM পদ্ধতি অনুসরণ করবে।**
**(৩) সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায় বলেছেন রাজ্যকে বাল্য বিবাহ মুক্ত করার লক্ষ্যে সরকার নানা উদ্যোগ গ্রহণ করেছে।**
**(৪) কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় মনিপুরের রেনেদাই F.C দল জয়লাভ করেছে।**

*******************************************

**Strategic Approach to Industrial Development :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়ণের ক্ষেত্রে ত্রিপুরা বিভিন্ন রাজ্যের কাছে পথপ্রদর্শক হয়ে উঠছে। আজ এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের পক্ষ থেকে ত্রিপুরা ইনস্টিটিউট অফ ট্রান্সফরমেশন ওয়ার রুমে স্ট্র্যাটেজিক অ্যাপ্রোচ টু ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের রোডম্যাপ পুস্তক প্রকাশ করে তিনি একথা বলেন। তিনি বলেন, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের পক্ষ থেকে শিল্প উন্নয়নে এই রোডম্যাপ গ্রহণের ফলে রাজ্যে দীর্ঘমেয়াদী শিল্প উন্নয়ন ত্বরান্বিত হবে। এই রোডম্যাপ রাজ্যকে আঞ্চলিক বাণিজ্য ও উৎপাদন কেন্দ্র হিসেবে গড়ে তুলবে। রাজ্যে শিল্প উন্নয়নে রাবার, বাঁশ ও খাদ্য প্রক্রিয়াকরণকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী

আরো বলেন, কেন্দ্রীয় সরকারের ভিশন ডকুমেন্ট কর্মসূচি রূপায়ণে ত্রিপুরা দেশের অনেক রাজ্য থেকে অনেকটাই এগিয়ে। বর্তমানে রাজ্যের বাইরের অনেক বিনিয়োগকারী রাজ্যে শিল্প স্থাপনে উৎসাহ দেখাচ্ছে।

অনুষ্ঠানে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের কান্ট্রি ডাইরেক্টর মিউ-ওকা বলেন, শিল্প উন্নয়নে এধরণের রোডম্যাপ বিকশিত ভারত গঠনে অনেকটা সহায়ক হবে। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বণিক।

***************************

**Rajib Bhattacharjee :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ রাজ্যসভায় কেন্দ্রীয় বাজেট ২০২৬-২৭ নিয়ে আলোচনা করেন। তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে উত্তর-পূর্বাঞ্চলের রেল ও সড়ক ব্যবস্থায় অভূতপূর্ব উন্নতি হয়েছে। তিনি বলেন প্রধানমন্ত্রীর দূরদর্শী মনোভাবের কারনে উত্তর পূর্বাঞ্চল আজ শক্তিশালী হয়ে উঠেছে, তিনি উত্তর-পূর্বাঞ্চল সহ ত্রিপুরা রাজ্যের উন্নয়নের নানা দিক তুলে ধরেন।

*************************

**Mukhyamantri Janajati Bikash Yojna :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে জনজাতি কল্যাণ দপ্তর আয়োজিত মুখ্যমন্ত্রী জনজাতি বিকাশ যোজনার অন্তর্গত সুবিধাভোগীদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি বলেন, জনজাতিদের কৃষ্টি, সংস্কৃতি বজায় রাখতে সরকার নিরলসভাবে কাজ করছে। পাশাপাশি তাদের স্বাস্থ্য, শিক্ষা, আর্থ সামাজিক উন্নয়নেও সরকার সচেষ্ট। নাবার্ডের আর্থিক সহায়তায় বরাদ্দকৃত জনজাতি অধ্যুষিত প্রত্যন্ত অঞ্চলে রাস্তাঘাট সহ পরিকাঠামোগত উন্নয়নের জন্য সরকার কাজ করছে। এরফলে জনজাতির আর্থ-সামাজিক অবস্থার উন্নতি হচ্ছে। বক্তব্য রাখেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেব্বর্মা, জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ডঃ কে শশীকুমার।

*************************

**CBSE :**

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ-CBSE এই বছর থেকে দ্বাদশ শ্রেণীর উত্তরপত্র মূল্যায়নের জন্য অন-স্ক্রিন মার্কিং –OSM পদ্ধতি অনুসরণ করবে। তবে, দশম শ্রেণীর উত্তরপত্র মূল্যায়ন আগের মতোই হতে থাকবে। CBSE-র পরীক্ষা নিয়ন্ত্রক সন্ন্যাস ভরদ্বাজ জানিয়েছেন, দক্ষতা এবং স্বচ্ছতা বৃদ্ধির জন্য পর্ষদ ২০২৬ এর দ্বাদশ শ্রেণীর পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য অন-স্ক্রিন মার্কিং-OSM চালু করার সিদ্ধান্ত নিয়েছে। বোর্ড এই বছর থেকে দশম শ্রেণীতে দ্বিতীয় বোর্ড পরীক্ষার ঘোষণাও করেছে, যেখানে পরবর্তী পরীক্ষাটি সেইসব শিক্ষার্থীদের জন্য ঐচ্ছিক হবে, যারা তাদের ফলাফলের মান উন্নত করতে চান।

****************************

**Paddy Procurement :**

খাদ্য দপ্তরের উদ্যোগে ও কৃষি দপ্তরের সহযোগিতায় কমলপুর মহকুমার সালেমা মোটরষ্ট্যান্ড প্রাঙ্গণে আজ থেকে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান কেনা শুরু হয়েছে। তা চলবে আগামী ১৪ই ফেব্রুয়ারি পর্যন্ত। চলতি খারিফ মরশুমে প্রতি কেজি ধানের সহায়ক মূল্য নির্ধারণ করা হয়েছে ২৩ টাকা ৬৯ পয়সা। কমলপুর মহকুমার অন্তর্গত কৃষকদের কাছ থেকে এই কেন্দ্রে ধান সংগ্রহ করা হবে। আজ ধান ক্রয়ের আনুষ্ঠানিক সূচনা করেন বিধায়ক স্বপ্না দাস পাল।

এদিকে, জিরানীয়ার মাধববাড়ি খাদ্য গুদামে ৫ দিনব্যাপী ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয়ের কর্মসূচি গতকাল শেষ হয়েছে। ৩১৬ জন কৃষকের কাছ থেকে প্রায় ৬০০ মেট্রিকটন ধান ক্রয় করা হয়েছে।

*****************************

**CBC Exhibition :**

কেন্দ্রীয় সরকারের গত ১১ বছরের সেবা সুশাসন ও গরীব কল্যানে গৃহীত কর্মসূচীগুলো নিয়ে আজ থেকে আগরতলার এম বি বি বিশ্ববিদ্যালয়ের ময়দানে দুই দিনের প্রদর্শনী ও আলোচনাচক্র শুরু হয়েছে। কেন্দ্রীয় তথ্য সম্প্রচার মন্ত্রকের সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন সি.বি.সি-র আগরতলা ক্ষেত্রিয় কার্যালয়ের উদ্যোগে আয়োজিত দুই দিনের প্রদর্শনী ও আলোচনাচক্রের উদ্বোধন করেন আগরতলার এম বি বি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ বিভাস দেব।

তিনি বলেন, সমাজের গরীব ও অন্তিম মানুষের কল্যানে কেন্দ্রীয় সরকার গত ১১ বছরে যেসব কর্মসূচী গ্রহন করেছে, সেই সব কর্মসূচী জনগনের কাছে নিয়ে যেতে সি.বি.সি-র এই ধরনের উদ্যোগ সময়োপযোগী। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার যে নয়া শিক্ষানীতি চালু করেছে তাতে ছাত্রছাত্রীরা উপকৃত হচ্ছে। এই শিক্ষানীতিতে কর্মমুখী শিক্ষা ব্যবস্থার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। বিশ্বব্যপী নতুন নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় ছাত্র ছাত্রীদের উপযুক্ত করে তুলতে এই শিক্ষা নীতি সহায়ক হচ্ছে। কৃত্রিম বুদ্ধিমত্তাসহ বিভিন্ন ক্ষেত্রে ছাত্রছাত্রীদের দক্ষ করে তুলতে নয়া শিক্ষানীতি কার্যকর ভুমিকা নিচ্ছে। কৃত্রিম বুদ্ধিমত্তার ভিত্তিতে ইতিমধ্যেই দেশে ১৫ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব হয়েছে বলেন উপাচার্য।

অনুষ্ঠানে বিশেষ অতিথির ভাষনে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার বলেন সরকারের সাফল্য ও নীতি দেশের সর্বত্র পৌঁছে দিতে এই ধরনের কর্মসূচী গুরুত্বপূর্ণ। এম বি বি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ডঃ সুমন্ত চক্রবর্তী এই ধরনের প্রদর্শনীর আয়োজন করায় সিবিসি-কে ধন্যবাদ জানান।

************************

**Bangladesh-Vote :**

বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ এবং একযোগে গণভোট আজ সম্পন্ন হয়েছে। ভোটগ্রহণ শেষ হওয়ার পর ইতিমধ্যে ভোট গণনাও শুরু হয়ে গেছে।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**Bal Vivah Mukta Bharat :**

সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায় বলেছেন রাজ্যকে বাল্য বিবাহ মুক্ত করার লক্ষ্যে সরকার নানা উদ্যোগ গ্রহণ করেছে। আজ আগরতলায় বাল্যবিবাহ মুক্ত ভারত সম্পর্কিত এক সচেতনতামূলক কর্মসূচির উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, শিশু সুরক্ষা কমিশনের চেয়ারপারসন জয়ন্তী দেববর্মা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস প্রমুখ।

*****************************

**PM-Sevatirtha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুনদিল্লীতে সেবাতীর্থ এবং কর্তব্য ভবন ১ ও ২-এর উদ্বোধন করবেন। তিনি সন্ধ্যায় সেবা তীর্থে এক

জনসভায় ভাষণ দেবেন। কর্তব্য ভবন ১ ও ২-এ অর্থ, প্রতিরক্ষা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, কর্পোরেট বিষয়ক, শিক্ষা, সংস্কৃতি, আইন ও বিচার, তথ্য ও সম্প্রচার, কৃষি ও কৃষক কল্যাণ, রাসায়নিক ও সার এবং উপজাতি বিষয়ক সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ মন্ত্রক রয়েছে।

***************************

**MSME :**

ভারত সরকারের এম.এস.এম.ই মন্ত্রকের উদ্যোগে এবং উত্তর ত্রিপুরা জেলা প্রশাসন ও জেলা শিল্প কেন্দ্রের ব্যবস্থাপনায় পিএম বিশ্বকর্মা প্রকল্পের সুবিধাভোগীদের নিয়ে একদিনের সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে আয়োজিত এই কর্মসূচির উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এম.এস.এম.ই-ডি.এফ.ও সহকারী পরিচালক হর্ষবর্ধন কানাকলা, জেনারেল ম্যানেজার ডি.আই.সি সজল কুমার দাস ও শিল্প স্থায়ী কমিটির সভাপতি জয়জিৎ শর্মা প্রমুখ।

*****************************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরোহিত্যে আজ তাঁর সরকারী বাসভবনে মুখ্যমন্ত্রী সমীপেষুর ৬৩তম পর্ব সম্পন্ন হয়। আজকের পর্বে মুখ্যমন্ত্রী রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত নাগরিকদের নানাবিধ সমস্যার কথা শোনেন এবং সেগুলির দ্রুত ও কার্যকর সমাধানের জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের প্রয়োজনীয় নির্দেশ দেন।

***************************

**PM-Budget :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, অর্থমন্ত্রী নির্মলা সীতারমন লোকসভায় তাঁর বক্তৃতায় এই বছরের বাজেট দেশের অর্থনৈতিক রূপান্তরে কীভাবে অবদান রাখবে তার একটি বিস্তৃত চিত্র তুলে ধরেছেন। লোকসভায়

বাজেটের উপর অর্থমন্ত্রীর উত্তরের ভিডিওটি সোশ্যাল মিডিয়ায় শেয়ার করে প্রধানমন্ত্রী বলেছেন, তিনি সংস্কার এক্সপ্রেস, এম.এস.এম.ই-গুলিকে সহায়তা, দক্ষতা বৃদ্ধি, পরবর্তী প্রজন্মের পরিকাঠামো, শিক্ষা ইত্যাদির উপর জোর দিয়েছেন।

*****************************

**Workshop :**

ইউনিসেফ গুয়াহাটি অফিসের আর্থিক সহায়তায় জেলা প্রশাসন ও সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ সিপাহীজলা জেলার সাংবাদিকদের নিয়ে Strengthening media for child protection in Tripura শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। সিপাহীজলা জেলাশাসক অফিসে আয়োজিত এই কর্মশালায় উপস্থিত ছিলেন, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক গৌতম ঘোষ, ন্যাশনাল ল ইউনিভার্সিটি ত্রিপুরার অ্যাসিস্ট্যান্ট প্রফেসর দেবশ্রী দেবনাথ, CWC সিপাহীজলার চেয়ারপার্সন সুমিতা রায় প্রমুখ। বাল্যবিবাহ প্রতিরোধ ও শিশু সুরক্ষার ক্ষেত্রে প্রশাসন সহ সংশ্লিষ্টদের পাশাপাশি সাংবাদিকদের কি কি করণীয় এই বিষয় নিয়ে কর্মশালায় বিস্তারিত আলোচনা হয়।

****************************

**New Building Foundation :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া আজ জোলাইবাড়ি ব্লকের পশ্চিম পিলাক দ্বাদশ স্কুলের দ্বিতল ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ভবনটি নির্মানে ব্যয় হবে ৮ কোটি ২৬ লক্ষ টাকা।

************************

**Gen. Padmajang Football :**

কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় মনিপুরের রেনেদাই F.C

দল জয়লাভ করেছে। রেনেদাই F.C চার-শূণ্য গোলের ব্যবধানে মিজোরামের কলেজ ভেঙ দলকে পরাজিত করে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

****************************